গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১-৩১

তারিখ: ০৫ মাঘ ১৪২৯ / ১৯ জানুয়ারি ২০২৩

**সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা, ২০২৩**

১। **শিরোনাম:** এ নীতিমালা "সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা, ২০২৩" নামে অভিহিত হবে এবং জারির তারিখ থেকে কার্যকর হবে।

২। **পরিধি:** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩। **পরিভাষা:**

ক) 'প্রাথমিক বিদ্যালয়' বলতে সরকারি প্রাথমিক বিদ্যালয় বুঝাবে;

খ) 'পিইএমআইএস' এর পূর্ণরূপ হলো "Primary Education Management Information System"।

৪। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের জন্য নিম্নোক্ত কারণ বা যৌক্তিকতা বিবেচনাযোগ্য হবে:

ক) প্রাথমিক বিদ্যালয়ের নাম শ্রুতিকটু ও নেতিবাচক এবং শিশুমনে ও জনমনে বিরূপ প্রভাব ফেলছে এমন বিবেচিত হলে;

খ) প্রাথমিক বিদ্যালয়ের নাম দেশের যুদ্ধাপরাধী ও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত ও সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণ হয়ে থাকলে;

গ) প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের ক্ষেত্রে উপযুক্ত আদালতের বিশেষ কোন নির্দেশনা থাকলে; এবং

ঘ) ভূমিকম্প, নদী ভাঙ্গনসহ নানাবিধ কারণে বিদ্যালয়ের নামের দ্বৈততা/জটিলতা প্রতিভাত হলে তা পরিহারের জন্য।

৫। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন করে নিম্নোক্তভাবে নামকরণ করা যাবে:

ক) শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন এমন ব্যক্তির নাম অনুসারে অথবা বীর মুক্তিযোদ্ধার নাম অনুসারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ বা নাম পরিবর্তন করা যাবে। তবে শর্ত থাকে যে, এ ধরণের ব্যক্তি কিংবা বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে কেউ রাষ্ট্রবিরোধী, ফৌজদারী, দেওয়ানী ও দুর্নীতির অপরাধে অভিযুক্ত কিংবা সাজাপ্রাপ্ত হলে তাদের নামে বিদ্যালয়ের নামকরণ করা যাবে না যদি-না তারা উপযুক্ত আদালত কর্তৃক খালাসপ্রাপ্ত হয়। এছাড়া ক্ষেত্র বিশেষে এলাকার নাম অনুসারেও নামকরণ করা যাবে;

(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নামকরণের ক্ষেত্রে প্রস্তাবিত বীর মুক্তিযোদ্ধা বা শিক্ষাক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তির স্থায়ী ঠিকানা ও সংশ্লিষ্ট বিদ্যালয়টি একই উপজেলায়/ থানায় (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) হতে হবে;

(গ) কোন বীর মুক্তিযোদ্ধা বা শিক্ষাক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তির নামে একটির বেশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম নতুন করে নামকরণ করা যাবে না;

(ঘ) স্থানীয় ইতিহাস, সংস্কৃতি ও কৃষ্টির সাথে সাযুজ্যতা সাপেক্ষে নাম পরিবর্তন/নতুন নামকরণ করা যাবে।

৬। **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের জন্য আবেদন প্রক্রিয়া:**

(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তনের ক্ষেত্রে সাদা কাগজে যৌক্তিকতা উল্লেখপূর্বক আবেদন অথবা প্রস্তাব করতে হবে;

(খ) যে বীর মুক্তিযোদ্ধার নামে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নামকরণের বা নাম পরিবর্তনের প্রস্তাব করা হবে তাঁর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত, মুক্তিযুদ্ধে তাঁর অবদানের (প্রমাণকসহ) উল্লেখপূর্বক বিদ্যালয়ের নাম পরিবর্তনের কারণ, কেন নতুন নামকরণের জন্য প্রস্তাব দেয়া হচ্ছে তা সুস্পষ্টভাবে আবেদনে অথবা প্রস্তাবে উল্লেখ থাকতে হবে;

(গ) শিক্ষাক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তির নামে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নামকরণের বা নাম পরিবর্তনের প্রস্তাব করা হলে তাঁর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত, শিক্ষাক্ষেত্রে তাঁর অবদানের (প্রমাণকসহ) উল্লেখপূর্বক বিদ্যালয়ের নাম পরিবর্তনের কারণ, কেন নতুন নামকরণের জন্য প্রস্তাব দেয়া হচ্ছে তা সুস্পষ্টভাবে আবেদনে অথবা প্রস্তাবে উল্লেখ থাকতে হবে;

(ঘ) প্রস্তাবিত বীর মুক্তিযোদ্ধার নামে বা শিক্ষাক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তির নামে অন্য কোন প্রাথমিক বিদ্যালয়ের নামকরণের প্রস্তাব করা হয়ে থাকলে তাও আবেদনে অথবা প্রস্তাবে উল্লেখ করতে হবে;

(ঙ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর এরূপ প্রস্তাব বা আবেদন করা যাবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রাপ্ত প্রস্তাব বা আবেদন যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বরাবর প্রেরণ করবেন। প্রধান শিক্ষক স্কুল ম্যানিজিং কমিটির (এসএমসি) মতামত/সুপারিশ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনটি সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসার আবেদন/প্রস্তাবটি এ সংক্রান্ত উপজেলা কমিটির মতামত/সুপারিশসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন। অত:পর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট জেলা কমিটি অথবা সিটি কর্পোরেশন কমিটির সুপারিশ/মতামতসহ আবেদন/প্রস্তাবটি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত নামকরণ বা নাম পরিবর্তনের প্রস্তাব/আবেদন যাচাই বাছাইপূর্বক মতামত/সুপারিশসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৭। **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের আবেদনের সাথে নিম্নোক্ত তথ্যাদি বা কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) স্কুল ম্যানেজিং কমিটি (এসএমসি)'র সুপারিশ;

খ) প্রাথমিক বিদ্যালয়ের বর্তমান নামের প্রমাণক হিসেবে পিইএমআইএস (PEMIS) এর উপজেলা/থানা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামের তালিকার সত্যায়িত অনুলিপি;

গ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে গঠিত নিম্নলিখিত উপজেলা কমিটির সুপারিশ; এ কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৩. | স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি | সদস্য |
| ৪. | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ডের কমান্ডার | সদস্য |
| ৫. | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় গণ্যমান্য ২ জন ব্যক্তি (১ জন মহিলা এবং ১ জন পুরুষ) | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ১০. | স্থানীয় সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বিদ্যালয় একাধিক থাকলে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

কমপক্ষে ০৬ (ছয়) সদস্যের উপস্থিতিতে এ কমিটির কোরাম পূর্ণ হবে।

ঘ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত নিম্নলিখিত জেলা কমিটির সুপারিশ; এ কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ডের জেলা কমান্ডার/প্রতিনিধি | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | স্থানীয় সরকারি মহাবিদ্যালয়ের একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট উপজেলার উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

কমপক্ষে ০৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে এ কমিটির কোরাম পূর্ণ হবে।

ঙ) সিটি কর্পোরেশনের ক্ষেত্রে উপরোক্ত গ ও ঘ-তে বর্ণিত কমিটির পরিবর্তে সিটি কর্পোরেশন কমিটির সুপারিশ; এ কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (শিক্ষা সংশ্লিষ্ট দায়িত্বপালনকারী) | সভাপতি |
| ২. | জেলা প্রশাসক | সদস্য |
| ৩. | মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধি/পুলিশ সুপার | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | সদস্য |
| ৫. | সিটি কর্পোরেশনের মেয়রের প্রতিনিধি | সদস্য |
| ৬. | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ডের জেলা কমান্ডার/প্রতিনিধি | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর | সদস্য |
| ৮. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |

৯. সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা — সদস্য

১০. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আওতাধীন সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আধিদপ্তর কর্তৃক মনোনীত) — সদস্য

১১. জেলা সমাজসেবা অফিসার — সদস্য

১২. সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার — সদস্য

১৩. সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক — সদস্য

১৪. সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার — সদস্য-সচিব

কমপক্ষে ০৭ (সাত) জন সদস্যের উপস্থিতিতে এ কমিটির কোরাম পূর্ণ হবে।

৮। **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তনের আবেদন অনুমোদনের প্রক্রিয়া:**

ক) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উপরোক্ত কমিটিসমূহ হতে প্রাপ্ত আবেদন এবং সংশ্লিষ্ট প্রমাণাদি/কাগজপত্র যাচাই-বাছাই করে সুপারিশসহ নামকরণ বা নাম পরিবর্তনের আবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

খ) সিনিয়র সচিব/ সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট এর সমন্বয়ে গঠিত কমিটির সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও নাম পরিবর্তনের প্রস্তাব চূড়ান্ত করা হবে। এক্ষেত্রে কমিটির সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালক প্রস্তাব/প্রস্তাবসমূহ উপস্থাপন করবেন;

গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী উক্ত কমিটির উপদেষ্টা হবেন;

ঘ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিদ্যালয়ের নামকরণ বা নাম পরিবর্তনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করবে এবং অর্থ বিভাগে আইবাসে (আইবাস++) বিদ্যালয়ের নতুন নাম অন্তর্ভুক্তির জন্য পত্র প্রেরণ করবে।

৯। **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তনের সংশোধিত তথ্য হালনাগাদকরণ:**

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট ডাটাবেইজসহ সকল প্রযোজ্য ক্ষেত্রে গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী বিদ্যালয়ের সংশোধিত নাম অন্তর্ভুক্ত করবে।

১০। **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নামের পরিচিতি:**

প্রাথমিক বিদ্যালয়ের নতুন নাম সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্থানীয় সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করবে এবং নতুন নামকরণ সংশ্লিষ্ট সকল অফিস আদেশ ও প্রয়োজনীয় তথ্যাদি সকল ডাটাবেইজে এবং সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংরক্ষণের ব্যবস্থা করবে।

১১। এ নীতিমালার কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে স্পষ্টীকরণ করবে।

ফরিদ আহাম্মদ
সচিব।

নম্বর-৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১.২১-৩১

তারিখ: ০৫ মাঘ ১৪২৯ / ১৯ জানুয়ারি ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।

৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।

৮. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।

১০. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।

১১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

১২. মহাপরিচালক, সমাজ সেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১৩. বিভাগীয় কমিশনার,------------------------------ (সকল)।

১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন,------------------ (সকল)।

১৫. জেলা প্রশাসক,..............................................................(সকল)।

১৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮. উপজেলা নির্বাহী অফিসার,............................................. (সকল)।

১৯. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

২০. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (নির্দেশিকাটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার......................................................... (সকল)।

২২. উপজেলা/থানা শিক্ষা অফিসার...........................................................(সকল)।

19.01.2023

(মোহাম্মদ কবির উদ্দীন)

উপসচিব।